

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
উদ্ভিদ সংরক্ষণ উইং
খামারবাড়ি, ঢাকা-১২১৫।

স্মারক নং : ১২.১১.০০০০.০১২.৩৮.০০১.১৮ - ১৮২ ১/১(০৭)

তারিখঃ ১২/০২/১৮

প্রাপক
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
-----অঞ্চল (সকল)

বিষয়ঃ চলতি রোপা আমন মৌসুমে ধানের জমিতে পার্চিং ও আলোর ফাঁদ স্থাপন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, খাদ্য নিরাপত্তা নিশ্চিত করণের লক্ষ্যে, নিবিড় বার্ষিক ফসল উৎপাদন কর্মসূচীর আওতায় ২০১৮-১৯ অর্থবছরে জাতীয়ভাবে রোপা আমন ধান আবাদ এর সম্ভাব্য লক্ষ্যমাত্রা ৫৩.১৮ লক্ষ হেক্টর এবং উৎপাদন লক্ষ্যমাত্রা ১৩৬.৯৪ লক্ষ মেট্রিক টন ধরা হয়েছে।

বিগত বছর সমূহে ধান ফসলে ক্ষতিকর পোকা দমনে পার্চিং ও ক্ষতিকর পোকাকার উপস্থিতি সনাক্তকরণ ও দমনে আলোর ফাঁদ অত্যন্ত কার্যকর প্রমাণিত হয়েছে। ফলশ্রুতিতে ধানের ফলনে এর সুস্পষ্ট প্রভাব লক্ষ্য করা গেছে। সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহের অতন্দ্র জরিপের সাপ্তাহিক প্রতিবেদন বিশ্লেষণে লক্ষ্য করা যাচ্ছে যে অঞ্চলের বিভিন্ন জেলা সমূহে পার্চিং ও আলোক ফাঁদ স্থাপনের হার সন্তোষজনক নয়। এমতাবস্থায় পোকাকার আক্রমণে আমন ধানের উৎপাদন যেন ক্ষতিগ্রস্ত না হয় সেজন্য আপনার অঞ্চলাধীন সকল জেলা ও উপজেলাসমূহে যথাসময়ে পার্চিং ও আলোর ফাঁদ স্থাপনের কার্যক্রম গ্রহন করতঃ শতভাগ বাস্তবায়নের সকল প্রচেষ্টা অব্যাহত রাখার নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো। পার্চিং ও আলোর ফাঁদ স্থাপনের অগ্রগতির তথ্য অতন্দ্র জরিপের সাপ্তাহিক প্রতিবেদনে নিয়মিত দেওয়ার জন্য বলা হল।

** আপনার অঞ্চলাধীন জেলা হতে প্রাপ্ত পার্চিং, আলোর ফাঁদ ও অতন্দ্র জরিপের সাপ্তাহিক সারাংশ প্রতিবেদন প্রতি মাসের ৮, ১৪, ২২, ২৮ তারিখে ই-মেইল যোগে (ddsurvedae@gmail.com) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।



(অমিতাভ দাস)

পরিচালক

উদ্ভিদ সংরক্ষণ উইং

ফোন নংঃ ৯১৩১২৯৫

ইমেইল : dppw@dae.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, খামারবাড়ি, ঢাকা, ওয়েব সাইটে প্রকাশের জন্য।